

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
বাজেট শাখা
www.probashi.gov.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-২০১৯ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং ২০১৯-২০২০ অর্থ বছরের প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন এর নির্দেশনা প্রদান সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সনঃ জনাব মোঃ নাজীবুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
তারিখঃ ০৯-০৭-২০১৯খ্রিঃ।
সময়ঃ সকাল ১১:৩০ টা।
স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

০২। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

০৩। কমিটির সভাপতি মন্ত্রণালয়ের সচিব মহোদয় সরকারি কাজে বাইরে থাকায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভায় সভাপতিত্ব করেন।

০৪। সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে নৈতিকতা কমিটির সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ড. মাসুমা পারভীন আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা সকলকে অবহিত করেন। তিনি নির্দেশিকা অনুযায়ী প্রণীত এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এ নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি এ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল ২০১৯-জুন ২০১৯) অগ্রগতি প্রতিবেদন সকলের অবগতি ও পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন।

সভাপতি ২০১৯-২০২০ অর্থ বছরের প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সময়াবদ্ধ কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার নির্দেশনা প্রদান করেন। সভা কর্তৃক এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-২০১৯ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ১৯) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদান করা হয়। এছাড়াও বিগত অর্থবছরের তিনটি ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে প্রমাণক সংশ্লিষ্ট শাখায় না থাকায় সংশ্লিষ্ট সকলকে প্রমাণক প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৫। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

(ক) ২০১৮-২০১৯ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

(খ) ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই ২০১৯- সেপ্টেম্বর, ২০১৯) এর জন্য নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

(গ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে ২০১৮-২০১৯ অর্থ বছরের সকল ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট প্রমাণক এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাজীবুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)